



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
দুমকী, পটুয়াখালী।



সিটিজেন চাটার(নাগরিক সেবা) বিষয়ক তথ্যাদি

অমিত সম্ভাবনার প্রতীক যুবদের তথ্য প্রযুক্তিগত জ্ঞান সমৃদ্ধ করে দক্ষ জনশক্তিতে রূপান্তরের মাধ্যমে দেশের উন্নয়ন ও উৎপাদন প্রক্রিয়ায় সম্পৃক্ত করার জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের মিশন ও ভিশন নিম্নরূপঃ-

মিশনঃ জীবনের সবক্ষেত্রে যুবদের প্রতিষ্ঠার লক্ষ্যে তাদের প্রতিভার বিকাশ ও ক্ষমতায়ন নিশ্চিত করা।

ভিশনঃ বাংলাদেশের উন্নয়ন ও গৌরব বৃদ্ধিতে সক্ষম, নৈতিক ও মানবিক মূল্যবোধ সম্পন্ন আধুনিক জীবনদক্ষ যুব সমাজ গঠন।

ঘোষিত মিশন ও ভিশন বাস্তবায়নের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মসূচি সমূহ বর্তমানে চালু আছে।

- # বেকার যুব ও যুব নারীদের জ্ঞান ও দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ কর্মসূচি:
- # বেকার যুব ও যুব নারীদের উদ্বুদ্ধকরণ ও নেতৃত্ব বিকাশমূলক প্রশিক্ষণ কর্মসূচি:
- # বেকার যুব ও যুব নারীদের তথ্য প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি:
- # বেকার যুব ও যুব নারীদের আত্মকর্ম সংস্থান ও যুব ঋণ সংক্রান্ত কর্মসূচি:
- # বেকার যুব ও যুব নারীদের বিভিন্ন সামাজিক উন্নয়ন মূলক কর্মসূচিতে সম্পৃক্তকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি, যেমন - জজিবাদ, সন্তাস ও সামাজিক অবক্ষয় রোধে সেমিনার, কর্মশালা ইত্যাদির মাধ্যমে যুব উদ্বুদ্ধকরণ কর্মসূচি, পরিবেশ রক্ষায় যুবদের সম্পৃক্তকরণ, বিভিন্ন দুযোগ ও মানবিক বিপর্যয়ের সময় যুবদের সম্পৃক্তকরণ বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচিসহ সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ডে যুবদের সম্পৃক্তকরণ বিষয়ক কর্মসূচি:
- # যুবদের কার্যক্রমে সাফল্য লাভকারী যুব ও যুব নারীদের জাতীয় পুরস্কার ও অনুদান প্রদান।
- # যুব সংগঠন নিবন্ধন কার্যক্রম।

প্রশিক্ষণ কর্মসূচি

অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ: উপজেলা পর্যায়ে ১৮ হতে ৩৫ বছর বয়সী নুনতম অষ্টম শ্রেণী পাশ বেকার যুব ও যুব নারীদের স্থানীয় চাহিদা মোতাবেক বিনা খরচে ০৭(সাত)দিন মেয়াদে উপজেলার বিভিন্ন এলাকায় প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ : জেলা কার্যালয় ও যুব প্রশিক্ষণ কেন্দ্র, দুর্গাপুর, পটুয়াখালী ও ০১ মাস হতে ০৬ মাস মেয়াদি কারিগরী ও বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়।

যুব ঋণ কর্মসূচি

যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদের প্রশিক্ষণের খরচের উপর ভিত্তি করে তাদের প্রকল্প স্থাপন ও সম্প্রসারণের জন্য ঋণ সহায়তা প্রদান করা হয়ে থাকে।

প্রাতিষ্ঠানিক ট্রেডঃ ০১ মাস হতে ০৬ মাস মেয়াদি প্রশিক্ষণ গ্রহনকারী একজন যুব/যুবনারী প্রকল্পভেদে ২৫ হাজার হতে ১ লক্ষ টাকা পর্যন্ত যুব ঋণ পেয়ে থাকে।
অপ্রাতিষ্ঠানিক ট্রেডঃ (ক) ০৭দিন হতে ২৯দিন মেয়াদি প্রশিক্ষণ গ্রহনকারী একজন যুব/যুব নারী প্রকল্পভেদে ২৫ হাজার হতে ৫০হাজার টাকা পর্যন্ত যুব ঋণ পেয়ে থাকেন।(খ) যুব ঋণ পাওয়ার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার লিকট যোগাযোগ করতে হবে।

ঋণ পরিশোধ প্রক্রিয়াঃ ঋণ গ্রহনের তারিখ হতে ৩ (তিন) মাস গ্রেসপ্রিরিয়ড বাদ দিয়ে লাগাতার ২৪ কিস্তিতে ক্রমহ্রাসমান পদ্ধতিতে ঋণের টাকা পরিশোধ করতে হবে।

অন্যান্য

- # প্রতি বছর ১ নভেম্বর জাতীয় যুব দিবস পালন করা হয়।
 - # সফল যুব ও যুব নারীদের সরকারী ব্যয়ে সার্ক ও কমনওয়েলথভুক্ত দেশ সমূহের সুযোগ আছে।
- যোগাযোগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, দুমকী, পটুয়াখালী।